দৈনিক বাংলা

তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 24 MAR 1989
পৃষ্ঠা ... কলাম 8

021

# রামছাগলের বিশেষ বৈশিষ্ট্য?

॥ স্টাফ রিপোর্টার ॥

রামছাগলের বিশেষ বৈশিষ্ট্যগুলি কি?

প্রশ্নটি আপনাকে অবাক করলেও এর উত্তর দিতে গতকাল হিমসিম খেতে হয়েছে এসএসসি পরীক্ষার্থীদের। ঢাকা বোর্ডের

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বিশেষ

(১ম পৃঃ পর)

এসএসসির সাধারণ বিজ্ঞান দ্বিতীয় পত্রে 'রামছাগল' নিয়ে উল্লিখিত প্রশ্নটি পরীক্ষার্থীদের একই সংগে বিব্রত করেছে ও হাসির খোরাক যুগিয়েছে।

প্রশ্ন কর্তারা রামছাগলের শুধু বৈশিষ্ট্যই চাননি। প্রশ্নে উল্লেখ করেছেন 'বিশেষ' বৈশিষ্ট্যের কথা। 'বিশেষ বৈশিষ্ট্য' ভাষাগত ভাবে ভুল ব্যবহার। এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের প্রফেসর ডক্টর আনিসুজ্জামান বলেনঃ বৈশিষ্ট্য বললে 'বিশেষ' বলতে হয় না। কারণ বৈশিষ্ট্যের অর্থই হল বিশেষ বিশেষ দিক বা বিশেষত্ব। তিনি

এ সম্পর্কে মন্তব্য করতে গতকাল ঢাকা বোর্ডের কোন কর্মকর্তাকে খুঁজে পাওয়া যায়নি। বোর্ডের কন্ট্রোলার অসুস্থ, চেয়ারম্যান রাত এগারটা পর্যন্ত বাসায় ফেরেননি বলে জানানো হয়।

ঢাকা বোর্ডের এসএসসির সিলেবাসে কোথাও 'রামছাগল' কিংবা 'রামছাগলের বৈশিষ্ট্য' পড়ার জন্য সন্নিবেশিত হয়নি। সিলেবাসে উন্নতমানের পশু-পালন পদ্ধতি এবং গরু ছাগল হাঁস-মুরগী পালন ও এদের রোগ কি এবং প্রতিকার কি তা পড়ার জন্য উল্লেখ আছে।

তবে স্কুল টেকস্ট বুক বোর্ড অনুমোদিত সাধারণ বিজ্ঞান দ্বিতীয় খন্ডে 'রামছাগলের' বিস্তারিত বিবরণ আছে।

বইয়ে 'রাম ছাগলকে' এভাবে সংজ্ঞায়িত করা হয়েছেঃ "ঢাকা ও উত্তরবঙ্গে লম্বা লম্বা পা, লম্বা ঝুলানো কান এবং লম্বা শরীরের এক ধরনের ছাগল পালা হয়। এদের গায়ের রং বাদামী। এরাই রামছাগল।" রামছাগলের বৈশিষ্ট্য বলা আছে এভাবে—রাম ছাগল থেকে দুধ ও মাংস বেশী পাওয়া যায়। বাংলাদেশে বহুদিন থেকে 'বিনাশ্রমান' এ রামছাগল গুলো বিহার থেকে যমুনা পাড়ি দিয়ে এসেছে।

বাংলাদেশে ছাগলের সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয়তার কথা বলতে গিয়ে আফসোস করে বলা হয় যে "বাংলাদেশে কোন সংকর [illegible] ছাগলের খামার নেই। তাই বাছাই করা 'পাঁঠা' এবং 'ছাগী' সংগ্রহ করে প্রজননের মাধ্যমে ভাল জাতের ছাগল পাওয়া যেতে পারে।"

ছাগলের সংজ্ঞা দিতে গিয়ে বলা হয়েছেঃ "মাংসের জন্যে যে প্রাণী আমাদের কাছে সবচেয়ে পরিচিত তা হল ছাগল।"

রামছাগলের 'বিশেষ' বৈশিষ্ট্য সম্পর্কে পরীক্ষায় যে প্রশ্ন হয়েছে সে বিষয়ে মন্তব্য করতে বলা হলে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণীবিদ্যা বিভাগের প্রফেসর ডক্টর কাজী জাকের হোসেন বলেনঃ 'এ প্রশ্নের তাৎপর্য বুঝতে আমরা অক্ষম'। তিনি অন্যান্য প্রশ্ন সম্পর্কেও মন্তব্য করেন যে এগুলো বিজ্ঞানের কোন প্রশ্ন হতে পারে না।